Outlet, *n.* যাইবার পথ। নিঃসরিবার পথ। নল। প্রণালি।

Outline, *n.* নক্‌শা। পাণ্ডুলিপি। — map, নকশার পূর্ব্বাঙ্গ। খসড়া।

Outpost, *n.* ফাঁড়ি। চৌকী। ঘাটি। পল্টনের ছাউনির বাহিরে যে আড্ডা।

Outrage, *n.* অত্যাচার। উপদ্রব। দৌরাত্ম্য। জুলুম।

Outside, *n.* বহির্দেশ। বহির্ভাগ। বাহিরে।

Outskirts of a town, নগরোপান্ত। শহরতলি।

Outstanding arrears, লহনা বাকী। বাকী। — balance, সাবেক বাকী। গড়নিকাশী বাকী। — for more than a year, বকেয়া বাকী।

Outward-bound vessel, সমুদ্রে যাইবার উদ্যত জাহাজ। সমুদ্রে গমনশীল জাহাজ। বন্দর ছাড়িয়া যাইতেছে যে জাহাজ।

Over, *pr.* (1) *across,* পারে। ও পারে। (2) *not below,* উপরে। উপর। (3) *more than,* অধিক। অতিরিক্ত। সেওয়ায়। To give —, ত্যাগ কৃ। To run —, উথলিয়া পড়। *to survey,* দেখিয়া ল। দৃষ্টি কৃ। To hand —, দা। অর্পণ কৃ।

Over-burden, *v.* অধিক ভার দা। অতিরিক্ত বোঝাই কৃ। To be overburdened with expenses, খরচে জেরবার হ। খরচের অত্যন্ত টান পড়।

Overcharge, *v.* *to charge too much*, অধিক মূল্য ধ।

Overcome, *v.* পরাজয় কৃ। জিত।

Overflow, *v.* উথলিয়া পড়।

Overfreight, *v.* নৌকা অতিরিক্ত বোঝাই কৃ।

Overhang, *v.* ঝুলিয়া পড়।

Overlook, *v.* (1) *to inspect*, তত্ত্বাবধারণ কৃ। তদারক কৃ। (2) *to pass by indulgently*, দোষ না ধ। দোষ ক্ষমা কৃ। (2) *to neglect*, মনোযোগ না কৃ। নজর না পড়।

Overplus, *n.* ফাজিল। উদ্বর্ত্ত। খরচ বাদে যাহা অবশিষ্ট থাকে।

Overreach, *v.* ঠগা। প্রতারণা কৃ। প্রবঞ্চনা কৃ।

Overrule, *v.* *to supersede*, বাতিল কৃ। অন্যথা কৃ। রহিত কৃ।

Overseer, *n.* তত্ত্বাবধারক। তদারক কর্ত্তা। ওবরসিয়র।

Oversight, *n.* (1) *supervision*, নেগাহবানী। তত্ত্বাবধারণ। (2) *a mistake*, চূক। ভুল। অমনোযোগ।

Overt, *a.* প্রকাশ। স্পষ্ট।

Overtake, *v.* দৌড়িয়া ধ। লাগাইল পা।

Overthrow, *v.* উল্টাইয়া ফেল। পরাজয় কৃ। খণ্ডা।

Owe, *v.* (1) *to be indebted*, ধার। কর্জদার হ। দেনদার হ। He owes me ten rupees, সে আমার দশ টাকা ধারে; or, তাহার স্থানে আমার দশ টাকা পাওনা আছে। (2) *to be obliged for*, বাধ্য হ। বাধিত হ। (3) *to be the cause of*, কারণ হ। Owing to, কারণে। প্রযুক্ত।

Own, *a.* আপনার। নিজ। স্বকীয়। স্বীয়। One's — handwriting, আপনার বকলমে লেখা। স্বহস্তের লেখা।

Own, *v.* (1) *to have a legal title to*, স্বামী হ। অধিকার কৃ। He owns land, তাহার জমী আছে। He — this piece of land, এই জমীর স্বামী তিনি। (2) *to acknowledge*, স্বীকার কৃ। কবুল কৃ।

Owner, *n.* মালিক। স্বামী। প্রভু।

Oyer, *n.* মোকদ্দমার শুনন।

Oyes, শুন। এই কথা সুপ্রীম কোর্টে লোকদের অবধানার্থে কহা যায়।

P.

Pack, *a.* গাঁইট। বস্তা। পুলিন্দা।

Pack, *v.* পুলিন্দা করিয়া বাঁধ। গাঁইটে বাঁধ।

Packet, *n.* ছোট পুলিন্দা। পত্রের পুলিন্দা। — ship, যে জাহাজে দেশে দেশে পত্রাদি লইয়া যায়। পত্রবাহক জাহাজ। — postage, ঐ প্রকার জাহাজে প্রেরিত পত্রাদির মাসুল। ডাক পুলিন্দার মাসুল।

Pact, *n.* বন্দোবস্ত। করার। *Pactum illicitum*, অনুপযুক্ত করার।

Pad, *n. a robber,* রাহজান।

Page, *n. of a book,* পেজ। পৃষ্ঠা। সফা।

Pain, *n.* (1) *suffering,* বেদনা। ব্যথা। যাতনা। (2) *penalty,* দণ্ড। None shall fly, under — of death, কেহ পলাইলে তাহার প্রাণদণ্ড হইবেক। (3) *travail,* প্রসব বেদনা। (4) in the plural, *care,* মনোযোগ। যত্ন।

Palliate, *v.* দোষ লঘু কৃ। দোষের লাঘব দেখা। ওজর কৃ। খাট কৃ।

Palpable, *a.* স্পষ্ট। প্রত্যক্ষ।

Panel, *n.* জুরী হইয়া যাঁহারা বসিবেন তাঁহাদের নামের ফর্দ্দ।

Paper, *n.* কাগজ। Stamped —, ইষ্টাম্প কাগজ। Plain —, শাদা কাগজ। ইষ্টাম্প না হওয়া কাগজ। A sheet of —, এক তা or এক ফর্দ্দ কাগজ। A quire of —, এক দিস্তা কাগজ। A ream of —, দুই গাদা কাগজ। রীম। (2) in the plural, *papers,* কাগজ পত্র। দলীলদস্তাবেজ। — in a suit, মোকদ্দমার কাগজ পত্র। মিছিল। নথী। — and proceedings, মোকদ্দমার কাগজ পত্র ও রোয়দাদ। Law —, আদালতের কাগজ পত্র।

Paper credit, *n.* প্রমিসরি নোট। হুণ্ডী প্রভৃতি। ব্যাঙ্ক নোট।

Paper money, *n.* নোট। ব্যাঙ্ক নোট।

Par, *n.* সমান। *In commerce,* কম বেশ নয়। সমান মূল্য। Bills of exchange are at —, হুণ্ডী যত টাকার হয় ঠিক তত টাকা দিয়া পাওয়া যায়। above —, যত টাকার হয় তাহার অধিক দিয়া পাওয়া যায়। below —, যত টাকার হয় তাহার কম দিয়া পাওয়া যায়।

Paragraph, *n.* দফা। ধারা।

Paramour, *n. male,* উপপতি। জার। ঢেমনা। নাৎ। *female,* উপপত্নী। ঢেমনী।

Parcel, *n.* (1) *a part,* অংশ। ভাগ। হিস্যা। — of land, এক খণ্ড or এক কিতা জমী। (2) *a small bundle,* পুলিন্দা। পুঁটলি। — of letters, পত্রের তাড়া। পত্রের পুলিন্দা। Bill of parcels, পুলিন্দা প্রভৃতির বিজক।

Parcel, *v. to divide into portions,* অংশাংশ কৃ। বিভাগ কৃ।

Parcener, *n.* অংশী। শরীক।

Parchment, *n.* পার্চমেণ্ট। লিখিবার জন্যে প্রস্তুত করা চর্ম্ম। লিখিবার চামড়া।

Pardon, *n.* ক্ষমা। মাফ। মার্জ্জনা।

Pardon, *v.* ক্ষমা কৃ। মাফ কৃ। মার্জ্জনা কৃ।

Parent, *n.* পিতা কি মাতা। বাপ কি মা। জনক বা জননী।

Parentage, *n.* কুল। বংশ।

Parliament, *n.* পারলিমেণ্ট। ইঙ্গলণ্ডে রাজমন্ত্রির সভা।

Parol, *a.* মৌখিক। বাচনিক। জোবানী।

Parole, *n.* প্রতিজ্ঞা। বাচনিক প্রতিজ্ঞা; অর্থাৎ কোন অপরাধি ব্যক্তির বিদেশে না যাইবার কিম্বা প্রয়োজন মতে উপস্থিত হইবার অলিখিত প্রতিজ্ঞা।

Part, *n.* (1) *a portion,* ভাগ। অংশ। খণ্ড। The third —, তৃতীয়াংশ। তিন ভাগের এক ভাগ। The fourth —, চতুর্থাংশ। চারি ভাগের এক ভাগ। The natives generally speak of parts or shares as so many annas; taking sixteen annas for a whole, the half is আট আনা অংশ; a quarter, চারি আনা or সিকি অংশ, &c. A fourth — of rent, চৌথ। মিরণ। চাহারাম। (2) *side, party,* পক্ষ। On the — of, পক্ষে। তরফে। In —, একাংশে। কতক। For the most —, অধিকাংশে। প্রায়ই। Parts, applied to place, দেশ। স্থান।

Part, *v.* (1) *to divide,* বিভাগ কৃ। অংশ কৃ। হিস্যা কৃ। (2) *to distribute,* বিলি কৃ। বণ্টন কৃ। বাঁটিয়া দা। অংশাংশ করিয়া দা।

Partial, *a.* (1) *leaning to one party,* পক্ষপাতী। (2) *incomplete,* পূরা নহে। পরিপক্ক নয়।

Partiality, *n.* পক্ষপাত।

Particeps criminis, দোষের ভাগী। সহায়। সহকারী।

Participate, *v.* অংশী হ। ভাগী হ। বখরাদার হ।

Particular, *a.* বিশেষ।

Particulars, *n.* বৃত্তান্ত। বিশেষ কথা। বেওরা। বিস্তারিত কথা।

Particularize, *v.* বিশেষ করিয়া লিখ or কহ।

Particularly, *ad.* বিশেষতঃ।

Partition, *n. a dividing,* বিভাগ। — of an estate, বাঁটওয়ারা। বিভাগ। বণ্টন। তকসীম। Deed of —, বিভাগ পত্র। তকসীম নামা। — of produce of harvest between Government and the Ryots, ভাউলি। বরগা। শালিভাগী।

Partly, *ad.* অংশ করিয়া। অংশতঃ। এক অংশে।

Partner, *n.* অংশী। শরীক। হিস্যাদার। পটীদার। বখরাদার।

Partnership, *n.* শরাকতী। অংশিত্ব। Deed of —, অংশি পত্র।

Party, *n.* (1) *a body of men,* দল। পক্ষ। (2) *a person,* ব্যক্তি। (3) *a plaintiff or defendant,* এক পক্ষ। বাদী কি প্রতিবাদী। The — cast, পরাজিত ব্যক্তি। The — victorious, জয়ি ব্যক্তি। The opposite —, বিপক্ষ ব্যক্তি। পক্ষান্তর ব্যক্তি। তরফছানি। (4) *one interested,* সম্পর্কের লোক। This man was not a — to the affray, এই লোকের সেই দাঙ্গাতে কিছু সম্পর্ক ছিল না; or, more commonly, এই লোক ঐ দাঙ্গার মধ্যে নয়।

Party-jury, *n.* অর্দ্ধেক বিদেশীয় অর্দ্ধেক স্বদেশীয় লোকের জুরী।

Pass, *v.* (1) *to move,* যা। চল। গমন কৃ। (2) *to be enacted,* জারী হ। (3) *to be current,* as money, চলন হ। (4) *to be regarded,* জান হ। বোধ হ। (5) *to occur,* হ। ঘট। (6) *to give judgment,* নিষ্পত্তি কৃ। To — sentence, দণ্ডাজ্ঞা কৃ। দণ্ডের হুকুম কৃ। (7) *to go over,* পার হ।

পারি দা। (8) *to transfer*, হস্তান্তর কৃ। (9) *to allow*, as in accounts, মঞ্জুর কৃ। স্বীকার কৃ। সাকরিয়া দা। commonly, পাস কৃ। (10) *to impose fraudulently*, প্রতারণাক্রমে দেখা। To — the time, কাল কাটা। To — the day in sleep, সমস্ত দিন or commonly চৌপর দিন ঘুমা। To — by, (1) *to pass near*, নিকট দিয়া যা। (2) *to overlook*, ক্ষমা কৃ। মাফ কৃ। ছাড়িয়া দা। (3) *to neglect*, তুচ্ছ কৃ। To — on, চল। To — over, (1) *to cross*, পার হ। (2) *to overlook*, ছাড়িয়া যা। ভুলিয়া যা। Let it —, যাউক।

Pass, *n. a license to pass*, ছাড়চিঠি। চালান। পাস। A — from collectors of land duties, রাহাদারী পরওয়ানা। A — from collectors of customs, রওয়ানা। দস্তক। An order to pass goods without duty, মাফী রওয়ানা। A — covering or protecting salt, &c. নিমক ছাড়িয়া দিবার রওয়ানা।

Passage, *n.* (1) *a road*, পথ। (2) *right of passing*, as, To engage a — on board a ship, জাহাজে যাইবার করার কৃ। (3) *a clause in a book*, পদ। প্রকরণ। — money, জাহাজে কি নৌকাতে যাইবার টাকা কি পয়সা।

Pass-book, *n. in commerce*, হিসাব কিতাব। লেনা দেনার হিসাব কিতাব। পাসবুক is commonly used.

Passed, *pa. in examination*, উত্তীর্ণ। পাস is commonly used.

Passenger, *n. on a boat, &c.* চড়নদার। *on foot*, পথিক।

Passim, ad, সমুদয় স্থানে। সর্ব্বত্র।

Passport, *n.* ছাড়চিঠি। দস্তক। রওয়ানা।

Past, *a. gone by*, অতীত। গত। গুজস্তা।

Paste, *n.* লেই।

Paste, *v.* লেই দিয়া লাগা or বসা।

Pasteboard, *n.* পেসবোর্ড।

Pasture-land, *n.* চারণ ভূমি। চরাণি মাঠ। বাথান।

Patent, *n.* সনন্দ। নিদর্শন পত্র। বিশেষ কোন ক্ষমতা অর্পণের পত্র। Letters —, পাটেণ্ট পত্র।

Patent, *a.* স্পষ্ট। প্রকাশ।

Patentee, *n.* যাহাকে বিশেষ ক্ষমতা দেওয়া যায়। পাটেণ্ট পত্র যে জন পাইয়াছে।

Paternal, *a.* পৈতৃক। মৌরুসী। — estate, পৈতৃক সম্পত্তি।

Path, *n.* পথ। বর্ত্ম। মার্গ।

Patrimony, *n.* পৈতৃক ধন। পিতৃদায়। পিতার ধন।

Patrol, *n.* উপরগস্তি। রোঁদগস্তি। রোদ ফিরণ।

Patrol, *v.* রোঁদগস্তি কৃ। উপরগস্তি কৃ। রোঁদ ফির।

Pauper, *n.* পাপর। যোত্রহীন। কাঙ্গাল। মুফলিস।

Pauperis, in formâ, পাপরস্বরূপ। যোত্রহীন স্বরূপ।
Pauperism, *n.* দরিদ্রতা। দীনতা। যোত্রহীনতা। মুফলিসী।
Pawn, *n.* বন্ধক। বোধ।
Pawn, *v.* বন্ধক দা। বোধ রাখ।
Pawnbroker, *n.* বন্ধক লওনিয়া। সাহুকার। বন্ধকী দ্রব্যের মহাজন।
Pawnee, *n.* বোধ লয় যে। বোধ লইয়া টাকা কর্জ্জ দেয় যে।
Pay, *v.* দা। টাকা দা। আদায় কৃ। To — a debt, কর্জ্জশোধ কৃ। ঋণ পরিশোধ কৃ। To — wages, বেতন দা। To — money into Court, আদালতে টাকা দাখিল কৃ or জমা কৃ। To — a vow, মানত পূর্ণ কৃ। To — for, মূল্য দা। To —, in seamen's language, *to besmear*, মাখা। চরবী প্রভৃতি লাগা। To — a mast, জাহাজের মাস্তলে চরবি লাগা। To — off the crew of a ship, জাহাজের মল্লাদিগকে বেতন দিয়া জওয়াব দা।
Pay, *n.* বেতন। মাহিয়ানা। তলব। দরমাহা। মুশাহেরা।
Payable, *a.* দেনা। — to any one, অমুকের নামে or অমুককে দেনা। — by any one, অমুকের দেনা। অমুকের শিরে পড়ে। A bill — at ten days' sight, দশ দিন মিয়াদের হুণ্ডী। — to order, যাহাকে দিবার হুকুম হয়, তাহাকে হুণ্ডীর টাকা দেনা হয়। আর্ডর মতে দেনা টাকার হুণ্ডী।
Pay-bill, *n.* মাহিয়ানার or বেতনের বিল।
Pay-day, *n.* বেতন দিবার দিন।
Payee, *n.* টাকা পাওনিয়া। পাওনাদার। যাহার নামে হুণ্ডীর টাকা দেনা হয়।
Payer, *n.* টাকা দেওনিয়া। যাহার নামে or উপর হুণ্ডী দেওয়া যায়।
Paymaster, *n.* বকশী। খাজাঞ্চী। Head —, মীর বকশী।
Payment, *n.* টাকা দেওন, or পরিশোধ করণ। — of costs in a suit, খরচার নিশা দেওন। খরচার টাকা দেওন। — of rent, খাজানা দাখিল করণ, or খাজানা দেওন। First day of — of rent in a year, পুণ্যাহ। To evade — of money, টাকা না দিবার উদ্যোগ কৃ।
Pay-office, *n.* পে আফিস।
Peace, *n.* শান্তি। To break the —, শান্তি ভঙ্গ কৃ। দাঙ্গা ফসাদ কৃ। To keep the —, শান্তি রক্ষা কৃ। দাঙ্গা না কৃ। To preserve the —, দাঙ্গা হইতে না দা। শান্তি রক্ষা কৃ। To be at —, ঐক্যভাবে থাক। To make —, মেল কৃ, or মেল করা। To restore —, শান্তি পুনঃস্থাপন কৃ। Justice of the —, জুষ্টিস অফ দি পিস।
Peculation, *n.* তহবীল ভাঙ্গন। তসরুফ করণ।
Peculiar, *a.* বিশেষ। নিজ। খাস। — property, নিজ সম্পত্তি। যোপার্জ্জিত ধন।
Pecuniary, *a.* টাকার। টাকা সম্বন্ধীয়। — mulct, অর্থদণ্ড। জরীমানা। — limitation, টাকার যে সীমা। যত টাকার সীমা।
Pedigree, *n.* বংশাবলি। কুর্শিনামা।

Pedler, *n.* পাইকার। ফেরিয়া। ফেরিওয়ালা।

Pen, *n. for writing,* কলম। *a small enclosure for beasts,* খোয়াড়ী।

Penal, *a.* দণ্ড সম্বন্ধীয়। ফৌজদারী। A penal act, দণ্ডের যোগ্য কর্ম্ম। অপরাধ। A — bond, or obligation, or recognizance, মুচলকা। — Code, দণ্ড বিধির আইন। — settlement, বন্দুয়ানদের খাটিবার স্থান or দেশ।

Penalty, *n.* দণ্ড। জরীমানা। অর্থদণ্ড।

Pendant, *n.* মাই।

Pendente lite, মোকদ্দমা উপস্থিত থাকিতে।

Pending, *a.* (1) as, A suit is —, মোকদ্দমা উপস্থিত আছে or রুজু or মুলতবী or দায়ের আছে। (2) *until decision,* &c. অপেক্ষায়। — a reference to Government, গবর্ণমেণ্টে যাবৎ জিজ্ঞাসা না হয় তাবৎ। — the decision of the Court, আদালতের নিষ্পত্তির অপেক্ষায়। আদালতের নিষ্পত্তি যাবৎ না হয় তাবৎ।

Penetration, *n.* (1) *act of entering,* প্রবেশ করণ। ঢুকন। (2) *acuteness,* সূক্ষ্ম বুদ্ধি। তীক্ষ্ণ বুদ্ধি।

Penitence, *n.* খেদ। অনুতাপ। দুঃখ।

Penitent, *a.* খেদযুক্ত। অনুতাপী। দুঃখী। খেদান্বিত।

Penitentiary, *n.* হরিণবাড়ী।

Pension, *n.* পেনশ্যন। মুশাহেরা। আলুফা। Among the Sepoys the word ইঙ্গলিশ *English* is used for *pension.*

Pension, *v.* পেনশ্যন দা। To be — ed, পেনশ্যন পা।

Pensioner, পেনশ্যন ভোগি ব্যক্তি। Monthly —, মুশাহেরাদার। আলুফাদার। Daily —, রোজিনাদার।

Peon, *n.* পেয়াদা। পদাতিক।

Pepper, *n.* মরিচ। Black —, কালমরিচ। Cayenne —, লঙ্কা মরিচ। long —, পিপ্পলি। round —, গোল মরিচ। white —, শাদা মরিচ।

Per, *n.* (1) *by,* as per bearer, দ্বারা। মারফৎ। হাতে। (2) *for each,* প্রতি। ফি। as, — month, মাস প্রতি। মাসে দিনে। — day, দিন প্রতি। — cent, শত প্রতি। ফি শতে। শত করা। — annum, বৎসরে।

Perceive, *v.* (1) *to receive an impression,* টের পা। (2) *to understand,* বুঝ। ভাব বুঝ।

Per centage, *n.* শত প্রতি or ফি শতে যত ধরা যায়। as, a promissory note bearing a — of $5\frac{1}{2}$ per annum, বৎসরে শতকরা ৫৷৷ টাকার সুদের প্রমিসারি নোট। — allowed to a zemindar on his jumma, মালিকানা।

Peremptory, *n.* নিশ্চিত। স্পষ্ট। দৃঢ়। আঁটাআঁটি। — challenge, জুরীর মধ্যে কোন ব্যক্তির বিষয়ে কারণ না জানাইয়া আপত্তি করণ। — defence, ফরিয়াদীর মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ত্ব নিবারক আপত্তি।

Perfect, *a.* শুদ্ধ। পূরা। যাহার কিছু বাকী নাই।

Perfect, *v.* (1) *to do,* কৃ। নির্ব্বাহ কৃ। আঞ্জাম কৃ। সার। To — a work, কার্য্য নির্ব্বাহ কৃ। কার্য্য সম্পাদন or সাঙ্গ কৃ। (2) *to execute,* as a decree, ডিক্রীমতে কার্য্য কৃ। ডিক্রী আমলে আন। ডিক্রী মান। ডিক্রী জারী কৃ। To — a contract. চুক্তি মতে কর্ম্ম নির্ব্বাহ কৃ। (3) *to fulfil,* পূর্ণ কৃ। To — a vow, মানত পূর্ণ কৃ।

Perfume, *n.* সুগন্ধি দ্রব্য।

Perfumed oils, সুগন্ধি তৈল। ফুলের তৈল।

Perhaps, *ad.* হইতে পারে।

Period, *n. a specified portion of time,* মিয়াদ। মুদ্দত। — for the payment of a debt, ওয়াদা। মিয়াদ।

Periodical, *a.* নিরূপিত সময়ের। সাময়িক। মিয়াদী। — Returns, নিরূপিত সময়ের রিটর্ণ।

Periodically, *ad.* নিরূপিত সময়মতে। উপযুক্ত সময়মতে। মিয়াদমতে।

Perishable, *a.* ক্ষয়ণীয়। যাহা শীঘ্র নষ্ট হয়। নশ্বর।

Perjure, *v.* মিথ্যা শপথ কৃ। সত্যভঙ্গ কৃ। হলফ খেলাপ কৃ।

Perjury, *n.* মিথ্যাশপথ। সত্যভঙ্গ। দরোগ হলফ। হলফ খেলাফ। Subornation of —, মিথ্যা শপথ করিতে, or অসত্য প্রমাণ দিতে প্রবৃত্তি দেওন।

Permanent, *a.* চিরকালীন। চিরস্থায়ি। ইস্তমরারী। মোকররী। — settlement, চিরকালের বন্দোবস্ত। ইস্তমরারী বন্দোবস্ত।

Permanently assessed Mehal, মোকররীমতে or ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল। মোকররী বন্দোবস্তের মহাল।

Permission, *n.* অনুমতি। এজাজৎ। Deed of —, অনুমতি পত্র। এজাজৎ নামা।

Permit, *v.* অনুমতি দা। To — one to do (anything). করিতে দা। His means will not — him to do it, অসঙ্গতি প্রযুক্ত করিতে পারিবে না।

Permit, *n.* চালান। রওয়ানা। ছাড়চিঠি।

Permutation, *n.* পরিবর্ত্তন। অদলবদল।

Perpetual, *a.* নিত্য। চিরকালের। ইস্তমরারী। অভঙ্গ।

Perpetually, *ad.* নিয়ত। সতত।

Perpetuity, *n.* চিরকাল। ইস্তমরারী। মোদামী।

Perquisite, *n.* রসুম। মাঙ্গন। দস্তুরী। বেতনের উপর লাভ। উপরি পাওনা। — to a zemindar on the jumma of his lands, মালিকানা। দস্তুরাৎ। *In law, whatever a man gets by industry, or purchases with his own money,* স্বীয় পরিশ্রমে প্রাপ্ত দ্রব্য। স্বোপার্জ্জিত ধনে ক্রীত সম্পত্তি। স্বকৃত সম্পত্তি।

Persist, *v. in doing or saying anything,* দৃঢ়রূপে or জেদ করিয়া কৃ or কহ।

Person, *n.* ব্যক্তি। লোক। জন। Description of —, হুলিয়া। চেহারা।

Personal, *a.* (1) *peculiar to an individual,* ব্যক্তি বিশেষের। নিজের। আপনার। — acts, স্বকৃত কর্ম্ম। স্বীয়কৃত কর্ম্ম। — appearance, স্বয়ং হাজির হওন। নিজে উপস্থিত হওন। — execution *of summons,* সেই ব্যক্তিরই উপর সমন জারী করণ। (2) *not real,* অস্থাবর। — action, অস্থাবর বিষয়ের মোকদ্দমা। বাটী কি ভূমি ব্যতিরেকে অন্য দ্রব্যের বাবৎ মোকদ্দমা। — estate, অস্থাবর সম্পত্তি or দ্রব্য। জিনিস পত্র। (3) *corporeal,* শরীরের। গাত্রের। — injury, শারীরিক হানি। গায়ে চোট or আঘাত।

Personally, *ad.* স্বয়ং। আপনি।

Personalty, *n.* অস্থাবর সম্পত্তি।

Personate, *v.* অন্যের বেশ কি রূপ ধারণ কৃ। আপনাকে অন্যের মত দেখা। আপনাকে অন্য বলিয়া জানা।

Personation, *n.* অন্যের রূপ ধারণ। আপনাকে অন্যের মত দেখান। False —, প্রতারণাপূর্ব্বক অন্যের রূপ ধারণ কৃ। আপনাকে অন্য ব্যক্তি বলিয়া কহন।

Personify, *v.* দ্রব্যকে মনুষ্যস্বরূপ বাহ।

Persuade, *v.* লওয়া। প্রবৃত্তি দা।

Persuasion, *n.* প্রবৃত্তি দেওন। Religious —, ধর্ম্ম। দীন।

Pertain, *v.* (1) *to belong to one,* অমুকের হ। (2) *to be the right of one,* অমুকের করিবার স্বত্ব হ। অমুকের এলাকা হ। (3) *to be the duty of one,* অমুকের কর্ত্তব্য হ।

Pertinacious, *a.* একগুঁয়া। স্বেচ্ছাচারী। দৃঢ়।

Pertinent, *a.* সম্বন্ধীয়। সম্পর্কীয়। সংক্রান্ত। উপযুক্ত। সঙ্গত।

Peruse, *v.* পাঠ কৃ। পড়।

Pervert, *v.* ব্যতিক্রম কৃ। অন্যথা কৃ। To — the law, আইনের অর্থ ব্যতিক্রম কৃ। To — justice, ন্যায় বিচার অন্যথা কৃ। অন্যায় বিচার কৃ। To — nature, স্বভাব বিপরীত কর্ম্ম কৃ।

Petit, *a.* see Petty.

Petition, (1) *a prayer,* প্রার্থনা। আরজ। নিবেদন। (2) *a written supplication,* দরখাস্ত। আরজী। ফর্দ্দসওয়াল। নিবেদন পত্র। An original —, আসল আরজী। — of plaint, নালিশের আরজী। এলতমাস। — of appeal, আপীলের আরজী। Prayer of the —, আরজীর মজমুন। দরখাস্তের মর্ম্ম। — to alter a plaint, &c. ওয়াজিবুল আরজ। নালিশ পত্র পরিবর্ত্তন করিবার দরখাস্ত।

Petition, *v.* দরখাস্ত কৃ। প্রার্থনা কৃ।

Petitioner, *n.* দরখাস্তকারী। A — for a situation, কর্ম্মাকাঙ্ক্ষী। উমেদওয়ার।

Petty, *a.* ছোট। ক্ষুদ্র। — Court, ছোট আদালত। — Larceny,

পাতিচুরী। — Jury, পেটি জুরি। — Mehal, খুরদ মহাল, evidently a corruption for ক্ষুদ্র মহাল।

Pharmaceutics, *n.* ঔষধ প্রস্তুত করিবার বিদ্যা।

Physician, *n.* কবিরাজ। বৈদ্য। চিকিৎসক। ঔষধ চিকিৎসক।

Pick, *v.* (1) *to steal*, as, To — a pocket, জেবহইতে চুরি করিয়া ল। (2) *to open*, as, To — a lock, তালা ভাঙ্গ।

Pickle, *n.* আচার।

Picklock, *n.* (1) *an instrument for picking locks*, কুলুপ or তালা ভাঙ্গিবার অস্ত্র। (2) *one who picks locks*, কুলুপ ভাঙ্গে যে।

Picture, *n.* (1) *a likeness drawn in colours*, ছবী। চিত্র। তসবীর। (2) *a resemblance*, অনুরূপ।

Piece, *n.* (1) *a fragment*, খণ্ড। টুকরা। (2) *a gun*, বন্দুক। কামান। *Apiece*, করিয়া। Give them a rupee apiece, এক টাকা করিয়া দেও।

Piecework, *n.* ফুরণের কর্ম্ম।

Pier, *n.* (1) *the support of the arches of a bridge, &c.* যে থামের কি পিলপার উপর খিলান গাঁথা যায়। (2) *a landing-place*, পোস্তা ঘাট। পেঁচওয়ালা ঘাট।

Pig, *n. an animal*, শূকর। — iron, অপেটা লৌহ। In seamen's language, কেটলী। — lead, সীসার পাত।

Piggery, *n.* শূকরের খোঁয়াড়।

Pigment, *n.* রঙ্গ। রোগন।

Pignoration, *n.* বন্ধক দেওন।

Pile, *n.* (1) *a heap*, গাদি। কাঁড়ি। ঢেরি। (2) *wood, &c. for burning a dead body*, as, A funeral —, চিতা। (3) *pieces of timber driven into the ground*, খোঁটা। পিন।

Pilgrim, *n.* যাত্রী।

Pilgrimage, *n.* তীর্থ যাত্রা। To go on —, তীর্থযাত্রা কৃ।

Pillage, *v.* লুঠ কৃ। অপহরণ কৃ।

Pillar, *n.* থাম। স্তম্ভ।

Pilot, *n.* আড়কাটী। কাণ্ডারী।

Pilot, *v.* জাহাজ চালা।

Pinchbeck, *n.* সোহাগা।

Pipe, *n.* (1) *a tube*, নল। (2) *a wine measure*, পিপা। — staves, পিপার কাঠ।

Piracy, *n.* বোম্বাটিয়া গিরি। — of works, গ্রন্থ স্বত্বের আইনেতে অন্যের লিখিত পুস্তক স্বীয় লাভার্থে প্রকাশ করণ।

Pirate, *n.* বোম্বাটিয়া। নদীর ডাকাইত।

Pisces, *n.* মীনরাশি।

Pitch, *n.* ধুনা। To boil —, ধুনাতে জ্বাল দা।

Pitch, *v. to pay over with pitch,* ধুনা দা। To — the seams of a ship, &c. ধুনা দিয়া বাইন মার।

Placard, *n.* ইশতিহার। ঘোষণা পত্র।

Place, *n.* (1) *room,* স্থান। স্থল। জায়গা। থা। স্থান। To take —, হ। ঘট। To have —, থাক। হ। (3) *a situation,* কর্ম্ম। পদ।

Place, *v.* (1) *to put,* রাখ। থু। (2) *to appoint,* নিযুক্ত কৃ।

Plain, *a.* (1) *smooth,* সমান। সোজা। (2) *clear,* স্পষ্ট। সহজ। (3) *unstamped,* as, — paper, শাদা কাগজ। ইষ্ট্যাম্প না হওয়া কাগজ।

Plain, *n.* মাঠ।

Plaint, *n.* নালিশী আরজী। এল্‌তমাস। দরখাস্ত। In Sanskrit, ভাষা। Supplementary —, তিতিম্মা আরজী। অবশেষ আরজী। Duplicate—, মুসন্না আরজী। A duplicate is in practice distinguished from a supplementary plaint.

Plaintiff, *n.* ফরিয়াদী। বাদী। মুদ্দই।

Plan, *n.* (1) *a draught,* নকশা। মুসাবিদা। পাণ্ডুলেখ্য। (2) *a method,* নিয়ম। (3) *a design,* অভিপ্রায়। কল্পনা।

Plank, *n.* তক্তা।

Plate, *n.* পাত্র। বাসন। রূপার পাত্র।

Plate, *v.* রূপাতে গিল্টি কৃ। মলম্মা কৃ।

Plated ware, মলম্মা করা দ্রব্য।

Play, *v.* খেলা কৃ। ক্রীড়া কৃ।

Plaything, *n.* খেলনা।

Plea, *n.* (1) *an answer,* আপত্তি। উত্তর। (2) *an excuse,* ওজর। ওঝে। (3) *urgent prayer,* বিনয়। প্রার্থনা। Explanatory —, কারণ। হেতু। — in equity, পল্লী অর্থাৎ আইন ও বৃত্তান্ত ঘটিত আপত্তি।

Plead, *v.* (1) *to argue in support of a claim,* সওয়াল জওয়াব কৃ। উত্তর প্রত্যুত্তর কৃ। তর্ক বিতর্ক। (2) *to urge reasons for or against,* হেতু জানা। আপত্তি প্রকাশ কৃ। মধ্যস্থ স্বরূপে কি উকীল মতে কাহার সপক্ষে কি বিপক্ষে নিবেদন কৃ।

Pleader, *n.* উকীল।

Pleadings, *n.* সওয়াল জওয়াব। উত্তর প্রত্যুত্তর। Supplementary —, অবশেষ সওয়াল জওয়াব। সওয়াল জওয়াবের তিতিম্মা। Written —, লিখিত সওয়াল জওয়াব। উত্তরপ্রত্যুত্তরের কাগজ।

Pledge, *n.* জামীন। বন্ধক।

Pledge, *v.* বন্ধক দা। জামীন দা। পণ কৃ।

Plot, *n.* (1) *a stratagem,* ষড়যন্ত্র। কুমন্ত্রণা। (2) *a plot of ground,* এক কিতা or খণ্ড জমী। (3) *a plan,* নকশা। মুসাবিদা। পাণ্ডুলিপি।

Plot, *v.* (1) *to scheme mischief,* ষড়যন্ত্র কৃ। যোগসাজস কৃ। (2) *to draw up a plan,* নকশা তুল।

Plough, *n.* হাল। লাঙ্গল।

Plough, *v.* চাস দা।

Ploughman, *n.* চাষা। কৃষক। কৃষাণ।

Plug, *v.* (1) *a stopple,* ছিপি। গুঁজি। টিপলা। (2) *a piece of base metal put into coin,* মেক।

Plug, *v.* as a rupee, মেক দা। মেকী কৃ।

Plumbline, *n.* ওলন। নাল সূত।

Plunder, *v.* লুঠ কৃ। অপহরণ কৃ। বলপূর্ব্বক ল।

Plunder, *n.* লুঠ। লুঠের দ্রব্য।

Plundering, *n.* লুঠতরাজ।

Plunge, *v.* (1) *to immerse,* মগ্ন কৃ। মজ্জন কৃ। (2) *to immerse one's self,* মগ্ন হ। ডুব দা।

Plural, *a.* বহু। In grammar, the — number, বহুবচন। Words in the — number, বহুবচনের শব্দ।

Plus and minus memorandum, জমা খরচের লিপি। কমীবেশীর কৈফিয়ৎ। ন্যূনাধিকের কৈফিয়ৎ।

Ply, *v. to move to and fro,* যাওয়া আসা কৃ। গমনাগমন কৃ।

Pocket, *n.* জেব।

Point, *n.* (1) *a particular subject,* বিশেষ বিষয়। The — to be established, বিশেষ যে কথা or যে বিষয় সাব্যস্ত করিতে হইবেক। The — at issue, বিরোধের বিশেষ বিষয়। বিশেষ যে বিষয়, or যে কথা ধরিয়া বিরোধ হয়। ইসু। (2) *aim,* অভিপ্রায়। লক্ষিত বিষয়। (3) *a single assertion,* কথা।

Point out, *v.* দেখাইয়া দা। কহিয়া দা।

Poison, *n.* বিষ। গরল। Animal —, জঙ্গম বিষ। Mineral —, স্থাবর বিষ। অজঙ্গম বিষ। Vegetable —, ওষধি বিষ। অজঙ্গম বিষ।

Poisonous, *a.* বিষাল। — drugs, বিষাল দ্রব্য। বিষযুক্ত ঔষধ বা দ্রব্য।

Pole, *n.* কাঠের দণ্ড। In Bengal, bamboos are used for poles, hence the common term is বাঁশ। A measuring —, নল।

Police, *n.* পুলীস। — officer, পুলীসের কর্ম্মকারক। Native subordinate — officer, পুলীসের আমলা। See Officer. Superintendent of —, পুলীসের সুপারিণ্টেণ্ডেণ্ট। — station, থানা। Subordinate — station, ফাঁড়ি।

Policy, *n.* দেশের কর্তৃত্ব করিবার নিয়ম। সুনিয়ম।

Policy of insurance, *n.* বিমাপত্র।

Political, *a.* রাজ্যসম্পর্কীয়। পোলিটিকাল।

Pond, *n.* পুকুর। পুষ্করিণী।

Pool, *n.* খাই।

Poop, *n.* জাহাজের ছাত। ছতরী।

Poor, *n. indigent,* দরিদ্র। কাঙ্গাল। গরীব।

Poppy, *n.* পোস্ত। — heads, পোস্তের ঢেরী। — plant, পোস্তের বৃক্ষ। — seed, পোস্তের দানা। পোস্তের বীজ।

Populace, *n.* ইতরলোক। সর্ব্বসাধারণ লোক।

Popular, *a.* সর্ব্বপ্রিয়। সকল লোকের মান্য।

Population, *n.* লোকসংখ্যা।

Populous, *a.* বহুপ্রজ। বহুলোক বিশিষ্ট।

Port, *n. a harbour,* বন্দর। — dues, বন্দরের মাসুল। — clearance, বন্দরহইতে জাহাজে চলিয়া যাইবার অনুমতিপত্র। Free —, যে বন্দরে মাসুল লাগে না। বেমাসুলী বন্দর।

Portion, *n.* অংশ। ভাগ। — of land, ভূমি খণ্ড। কিসমৎ। পট্টী। হিস্যা।

Positive, *a.* (1) *express,* নিশ্চিত। নির্যাস। I cannot speak positively, নির্যাস বলিতে পারি না। (2) *direct,* স্পষ্ট। — proof, স্পষ্ট প্রমাণ। (3) *absolute,* নিশ্চিত। অবধারিত। The terms of the act are —, আইনের কথা নিশ্চিত আছে।

Possess, *v.* (1) *to own,* অধিকার কৃ। ভোগ দখল কৃ। আমল কৃ। (2) *to have,* পা। প্রাপ্ত হ। commonly rendered by the verb আছ, or থাক, with the possessive case, as, He — property, তাহার সম্পত্তি আছে।

Possession, *n.* দখল। ভোগ দখল। আমল। Uninterrupted —, অনিবৃত্ত ভোগ দখল। চিরকালের ভোগ। To deliver or give —, দখল দা। To take —, দখল কৃ। To have in possession, as *landed property,* দখলে থাক or হ। as *deeds,* &c. নিকটে থাক or হ।

Possessor, *n.* দখীলকার। অধিকারী।

Possible, *a.* সাধ্য। হইতে পারে।

Post, *n.* (1) *a piece of timber set upright,* থাম। খুঁটি। Door —, বাজু কাঠ। (2) *an office,* পদ। (3) *a station,* কর্ম্মের স্থান। মোকাম। The burkundazes are in attendance at their —, বরকন্দাজ লোক আপন২ চৌকী পহরাতে হাজির থাকে, Reg. 20, 1817, s. 4, c. 3. (4) *an office for conveying letters,* ডাক। To send by —, ডাকযোগে পাঠা।

Post, *v.* (1) *to fix to a post,* খুঁটিতে or থামে লাগা or বসা or লটকা। (2) *to station,* নিযুক্ত কৃ। (3) *to put into a post-office,* as, To — a letter, পত্র ডাকে দা। (4) *in bookkeeping, to carry to the ledger,* খত্যানা কৃ। খতিয়ানে লিখ।

Postage, *n.* ডাকমাসুল। — stamp, ডাকমাসুলের ইষ্টাম্প or টিকিট।

Post-bag, *n.* ডাক পত্রের থলি।

Post-bill, *n.* হুণ্ডী।

Post-date, *v.* প্রকৃত তারিখের পর কোন তারিখ লিখ।

Posterity, *n.* বংশ। গোষ্ঠী।

Posthumous, *a.* কোন ব্যক্তির মৃত্যুর পরে প্রকাশিত। — child, পিতার মরণানন্তর যে সন্তান ভূমিষ্ঠ হয়।

Postman, *n.* ডাকওয়ালা। ডাক হরকরা। ডাক বাহক।

Postmaster, *n.* ডাকাধ্যক্ষ। ডাক মুনশী। পোষ্টমাষ্টর। — General, ডাকের প্রধান অধ্যক্ষ। সাধারণ ডাকাধ্যক্ষ। পোষ্টমাষ্টর জেনরল।

Post meridiem, অপরাহ্নে। দুই প্রহরের পর।

Post mortem, মরণের পর। — examination, লাশ দেখন। শব তদারক করণ।

Post-office, *n.* ডাকঘর। *in the Mofussil*, ডাকচৌকী। *in a Zemindaree*, a district —, জমীদারী ডাক।

Post-office station, ডাকের আড্ডা।

Post paid, *a.* যে পত্রের ডাক মাসুল দেওয়া গেল।

Postpone, *v.* মুলতবী রাখ। স্থগিত রাখ। কোন কর্ম্ম স্থগিত রাখিয়া তাহা নির্ব্বাহ করিবার অন্য দিন নিরূপণ কৃ।

Post-runner, *n.* ডাকের পেয়াদা। ডাক দৌড়িয়া। ডাকুয়া পাইক। হরকরা।

Postscript, *n.* পশ্চাল্লিখিত কথা; written P. S.

Potter, *n.* কুম্ভকার।

Pound, *n.* (1) *a weight*, আধসের। (2) *money*, পৌণ্ড। দশ টাকা মূল্যের ইঙ্গ্লেজী মুদ্রা। (3) *a place where cattle are confined*, খোঁয়াড়ী।

Pound, *v.* (1) *to bruise*, কুট। To — rice, to separate the husks from the grain, কাঁড়া। ছাট। (2) to confine cattle, খোঁয়াড়ীতে আটকিয়া রাখ।

Poundage, *n. a mulct on the owners of cattle*, জরীমানা। ফীস। কমিশ্যন।

Powder, *n.* গুঁড়। Gun —, বারুদ।

Powder-flask, *n.* বারুদের শিঙ্গা।

Powder-magazine, *n.* বারুদ খানা।

Power, *n.* শক্তি। ক্ষমতা। Special —, বিশেষ ক্ষমতা। Summary —, সরাসরী ক্ষমতা। — of attorney, মোখ্‌তারনামা। General — of attorney, আম মোখতারনামা। Special — of attorney, খাস মোখ-তারনামা। To exercise the powers of a Magistrate, &c. মাজিষ্ট্রেট প্রভৃতির ক্ষমতামতে কর্ম্ম কৃ। To be vested with —, ক্ষমতা প্রাপ্ত হ। ক্ষমতা পা।

Practicable, *a.* সাধ্য। হইতে পারে।

Practically, *ad.* কর্ম্ম ভাবে। ব্যবহারেতে। ফলতঃ।

Practice, *n.* দাঁড়া। রেওয়াজ। দস্তুর। নিয়ম। রীতি। জাবেতা। মামুল। — of the Court, আদালতের রেওয়াজ or দস্তুর। আদালতের নিয়ম।

Practise, *v.* কর্ম্ম কৃ। কর্ম্ম নির্ব্বাহ কৃ।

Praise, *n.* প্রশংসা।

Praiseworthy, *a.* প্রশংসার যোগ্য। প্রশংসনীয়।

Pray, *v.* প্রার্থনা কৃ।

Prayer, *n.* প্রার্থনা। আরজ। — of the petition, আরজীর মজমুন। দরখাস্তের মর্ম্ম।

Preamble, *n.* হেতুবাদ।

Precarious, *a.* অনিশ্চিত। অস্থির। পরাধীন।

Precaution, *n.* সাবধানতা। সতর্কতা। সম্ভাবিত ক্ষতি নিবারণের উপায়।

Precautionary measures, ক্ষতি নিবারণের যে উপায় করা যায়।

Precede, *v.* (1) *to go before,* অগ্রগামী হ। অগ্রে যা। (2) *to be before,* পূর্ব্বে থাক। (3) *to be more excellent,* শ্রেষ্ঠ হ। অগ্রগণ্য হ।

Precedence, *n.* অগ্রগণ্যতা।

Precedent, *n.* নজির। দৃষ্টান্ত। Judicial —, আদালতের দাঁড়া or জাবেতা।

Precept, *n.* হুকুমনামা। প্রিসেপ্ট।

Preclude, *v.* নিবারণ কৃ। বাধা হ। আটক হ।

Precontract, *n.* পূর্ব্বের করা বন্দোবস্ত or চুক্তি।

Predecessor, *n.* কোন পদে এই ক্ষণে যিনি আছেন তাঁহার পূর্ব্বে যিনি পদস্থ ছিলেন। পূর্ব্বপদস্থ লোক।

Pre-emption, (1) *the act of purchasing before others,* অন্যের অগ্রে ক্রয় করণ। (2) *the right of purchasing before others,* অন্যের অগ্রে ক্রয় করণের অধিকার। হকশুফা।

Preface, *n.* ভূমিকা। মঙ্গলাচরণ। আভাষ।

Prefer, *v.* (1) *to regard more than another,* এক বিষয় অন্যহইতে ভালবাস। কাহার প্রতি পক্ষপাতী হ। কোন কাহাকে অগ্রগণ্য কৃ। (2) *to raise to an office,* কোন উচ্চপদে নিযুক্ত কৃ। (3) *to present,* দরপেশ কৃ। দা। দাখিল কৃ।

Preferable, *a.* অন্যাপেক্ষা উত্তম। শ্রেষ্ঠতর।

Preference, *n.* অগ্রগণ্যতা। To give the —, অন্যাপেক্ষা উত্তম or উপযুক্ত জ্ঞান কৃ।

Preferential title, অগ্রগণ্য স্বত্ব। অগ্র স্বত্ব।

Preferment, *n.* বৃদ্ধি। উন্নতি। উচ্চপদ।

Pregnancy, *n.* গর্ভধারণ। অন্তরাপত্যা।

Pregnant, *a.* গর্ভিণী।

Prejudge, *v.* পূর্ব্বে বিচার কৃ। না শুনিয়া দোষগুণ নির্দ্ধার্য্য কৃ।

Prejudice, *n.* দোষগুণের উপযুক্ত বিবেচনা না করিয়া মনের বিচার। (2) *a previous bent of mind,* মনের পূর্ব্বভাব। পূর্ব্ব সংস্কার। — of the people, লোকদের পূর্ব্ব সংস্কার। (3) *injury,* ক্ষতি। হানি। নোকশান।

Prejudicial, *a.* বিঘ্নকর। ক্ষতিকর। — to health, অস্বাস্থ্যজনক।

Preliminary, *a.* অগ্র কর্ত্তব্য। প্রথম স্থলের কোন কর্ম্মের আগে যাহা করিতে হয়।

Premeditate, *v.* পূর্ব্বে কল্পনা কৃ। পূর্ব্বে মনস্থ কৃ। *Premeditated* murder, জানকৃত বধ। জানপূর্ব্বক বধ।

Premises, *n.* (1) *houses and lands,* বাড়ী। বাটী ও ভূমি। — *in the examination of a case,* মোকদ্দমার বিচার কালে প্রথম কার্য্য। The — of a deed, দলীলের প্রথম লিখিত কথা।

Premium, *n.* পুরস্কার। উপরি টাকা। — upon a sum lent, or grain given in advance, ধরাট। — upon a sum lent for a short time, চোটা। বিলমোক্তা। — upon the sale of Government Securities, ভর্ত্তিভাও।

Preoccupancy, *n.* পূর্ব্বে দখল করণ। পূর্ব্বে দখল করিবার স্বত্ব।

Preoccupy, *v.* পূর্ব্বে দখল কৃ। অগ্রে দখল কৃ।

Preparatory, *a.* পূর্ব্বে প্রয়োজনীয়। — leave, বিদেশে গমনের পূর্ব্বে প্রস্তুত হইবার ছুটী।

Prepare, *v.* (1) *to make ready,* প্রস্তুত কৃ। তৈয়ার কৃ। (2) *to take necessary previous measures,* উদ্যোগ কৃ।

Prepay, *v.* পূর্ব্বে টাকা দা। পত্রের মাসুল পূর্ব্বে দা।

Prepense, *a.* পূর্ব্ব মনস্থ। পূর্ব্ব কল্পিত। Malice —, দ্বেষ পূর্ব্বক।

Prescribe, *v.* নিয়ম কৃ। নির্দ্ধারণ কৃ। নির্দ্দিষ্ট কৃ।

Prescribed, *a.* নিয়মিত। নির্দ্দিষ্ট। নিরূপিত।

Prescription, *n.* (1) *a medical direction,* চিকিৎসকের পেঁত্যা। (2) *a title arising from use,* আদ্যোপান্তের দাঁড়া। ধারাবাহিক ব্যবহার। আবহমান ব্যবহার। পূর্ব্বরীতি।

Prescriptive right, *n.* আদ্যোপান্তের দাঁড়া মতে স্বত্ব। পূর্ব্বাবধি ভোগ দখলের স্বত্ব।

Presence, *n.* সাক্ষাৎ। সম্মুখ। সমক্ষে। হজুর।

Present, *a.* (1) *being in a place,* হাজির। উপস্থিত। সাক্ষাৎ। বর্ত্তমান। The — time, বর্ত্তমান কাল। ইদানীন্তন। The — subject, উপস্থিত বিষয় or কথা। The — year, চলিত সাল। হাল সন। বর্ত্তমান বৎসর। At —, এইক্ষণে। ইদানীং।

Present, *n.* দান। বকশিশ। পারিতোষিক। A complimentary — of money, দর্শনী। নজর। সেলামী। of things, ভেট। সওগাৎ। ডালি। A — of lands rent-free, ইনাম। A — to Zemindars, on making a settlement, নজর পুণ্যাহ। In the plural, for *deeds, conveyances, &c.* দলীল। খৎ। পত্র।

Present, *v.* (1) *to set before,* উপস্থিত কৃ। সম্মুখে রাখ। দরপেশ কৃ। দা। (2) *to give,* দান কৃ। দা।

Preserve, *v.* রক্ষা কৃ। রাখ। To — the peace, দাঙ্গা না কৃ। শান্তি রক্ষা কৃ। বিরোধ বিসম্বাদ না কৃ। The right of appeal shall be preserved, আপীল করিবার ক্ষমতা থাকিবে।

Preside, *v.* অধিপতি হ। প্রধান হ। কর্তৃত্ব কৃ। তত্ত্ব ল। Presiding officer of a Court, আদালতের বিচারপতি। আদালতে যিনি প্রধান।

Presidency, *n.* (1) *superintendence,* তত্ত্বাবধারকতা। কর্তৃত্ব। (2) *the jurisdiction of a President,* গবরনর সাহেবের এলাকা। (3) *a chief town,* রাজধানী। সদর মোকাম। The — of Fort William in Bengal, বাঙ্গলা দেশে ফোট উলিয়ম রাজধানীর অধীন দেশ। The — Court, সদর আদালত। A — town, প্রধান নগর। রাজধানী।

President, *n.* (1) *of an assembly,* সভাপতি। The — in Council, হজুর কৌন্‌সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব। (2) *of a Province,* গবরনর সাহেব। (3) *of a Court,* আদালতের বিচারপতি। (4) *of a native Court of arbitration,* সরপঞ্চ। সরদার।

Press, *v.* (1) *to compress,* চাপ। To — down, টিপ। (2) *to crush,* মাড়। পিষ। (3) *to inculcate with earnestness,* তাকীদ কৃ। বিশেষমতে মনোযোগ করা। (4) *to press into service,* বেগার ধৃ। (5) *to straiten,* ক্লেশ দা। (6) *to solicit with earnestness,* অতিকষ্টে ধরিয়া প্রার্থনা কৃ। (7) *to bear on with force,* চাপিয়া পড়। ঠেসিয়া ধৃ। (8) *to approach,* যা। গমন কৃ।

Press, *n.* (1) *an instrument by which anything is crushed,* যাঁতা। (2) *a printing machine,* ছাপাইবার যন্ত্র। (3) *urgent demands of affairs,* as, — of business, কর্ম্মের ব্যস্ততা। কর্ম্মের ঝঞ্ঝাট।

Prestige, *n.* প্রভাব। প্রতাপ।

Presume, *v.* (1) *to take for granted,* অনুভব কৃ।

Presumption, *n.* অনুভব। কিয়াস। The same — of intent shall be made, সেই মনস্থ জ্ঞান হইবেক।

Presumptive evidence, অনুভাবিত প্রমাণ। অনুভবসিদ্ধ প্রমাণ। কোরাইন সাবুদ।

Presuppose, *v.* পূর্ব্বে অনুভব হ। পূর্ব্বে বোধ হয়। বুঝায়।

Pretence, *n.* বাহানা। ছল। চক্র। ফেরেব।

Pretend, *v.* (1) *to simulate,* বাহানা কৃ। ছলনা কৃ। (2) *to show hypocritically,* ছলনা করিয়া দেখা।

Pretender, *n.* প্রতারক। প্রতারণা পূর্ব্বক দাওয়াদার। ফেরেবী।

Pretext, *n.* ছল। বাহানা। ফাকি।

Prevarication, *n.* অপ্রকৃত উত্তর। অযথার্থ জওয়াব। টালমটাল্।

Prevenient, *a.* অগ্রগামী। পূর্ব্বগামী।

Prevent, *v.* নিবারণ কৃ। নিষেধ কৃ।

Price, *n.* মূল্য। দর। এওজমাল, in Sylhet only. The market —, বাজারের ভাও। নিরিখ দর।

Price-current, *n.* নিরিখের ফর্দ্দ। নিরিখ নামা।

Priest, *n. Hindu,* পুরোহিত। যাজক। *Muhamadan,* মুল্লা।

Primâ facie, n. আদিদৃষ্টে। আপাততঃ। প্রথম দৃষ্টিতে।

Primage, *n.* জাহাজীয় মাল বোঝাই করিবার দস্তুরী।

Prime, *a.* প্রথম। প্রধান। আসল। — cost, আসল মূল্য। খরীদী দর।

Primogeniture, *n.* জ্যেষ্ঠত্ব। জ্যেষ্ঠ স্বত্ব। জ্যেষ্ঠাংশ।

Prince, *n.* (1) *a king,* রাজা। (2) *a king's son,* রাজপুত্র। রাজকুমার।

Principal, *a.* প্রধান। — sum, আসল টাকা। আসল জমা। In trade, পুঁজি। মূলধন। To consolidate the — with the interest, আসল টাকার উপর সুদ চড়াইয়া দা।

Principal, *n.* কর্ত্তা। সরদার। — of a pleader, মুনীব। মওক্কেল। — of affairs, মদারকার। সরদার।

Principle, *n.* (1) *ground,* মূল নিয়ম। মূল বিধান। মূল। কারণ। (2) *a being that produces anything,* আদি কারণ। মূল কারণ।

Print, *v.* ছাপা।

Printing-office, *n.* ছাপাখানা।

Printing-press, *n.* ছাপার যন্ত্র। মুদ্রাযন্ত্র। প্রেস।

Prison, *n.* জেল খানা। কারাগার। বন্দিশালা।

Prison discipline, *n.* জেল খানার কার্য্যাদির নিয়ম।

Prisoner, *n.* (1) *one who is confined in a prison,* কয়েদী। বন্দী। বন্দুয়ান। A — for life, দায়মাল কয়েদী। যাবজ্জীবন কয়েদী। A — for any term, মেয়াদী কয়েদী। A state —, রাজ বিপক্ষ দোষের নিমিত্তে কয়েদী। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমমতে কয়েদী। (2) A — at the bar, ফৌজদারী মোকদ্দমার আসামী।

Private, *a.* (1) *peculiar to one's self,* নিজ। আপনার। স্বকীয়। স্বীয়। — affairs, স্বীয় কর্ম্ম। নিজ কর্ম্ম। (2) *peculiar to two or more,* আপোসে। A — agreement, আপোসে বন্দোবস্ত। A — purchase, খোশ খরীদ। আপোসে খরীদ। A — sale, খোশ বিক্রয়। আপোসে বিক্রয়। A — award of arbitration, উভয় পক্ষের মানা সালিসেরদের ফয়সলা। (3) *secret,* গোপনে। গুপ্ত। অপ্রকাশ। In —, গোপনে। গুপ্তরূপে।

Privilege, *n.* বিশেষ ক্ষমতা। বিশেষ স্বত্ব। স্বত্বাধিকার।

Privity, *n.* জ্ঞাতসারিতা। রাজদারী। জানন শুনন। — of the parties, উভয় পক্ষের জ্ঞাতসারিতা। খিলওতী সহিয়া।

Privy, *a.* (1) *private,* স্বকীয়। সরকারী নহে। — purse, বিলা। (2) *clandestine,* গুপ্ত। গোপনে। (3) *privately knowing,* রাজদারী। জ্ঞাতসার। — Council, প্রিবি কৌনসেল। রাজমন্ত্রির সভা।

Prize, *n. a. reward*, পারিতোষিক। পুরস্কার। To profit by a —, পুরস্কার দ্বারা লভ্য প্রাপ্ত হ।

Probability, *n.* সম্ভাবনা।

Probable, *a.* সম্ভব। সঙ্গত। A — cause, সম্ভব কারণ। সঙ্গত কারণ।

Probate, *n.* উইলের প্রমাণ করণ। মৃত লোকের সম্পত্তির নিয়মপত্রের প্রমাণ করণ। প্রবেট। ওসিয়ৎ নামার সনদ।

Probe, *v.* a wound, ক্ষতের মধ্যে শলা দা।

Probity, *n.* সরলতা। সাধুতা।

Procedure, *n.* (1) *operations*, কর্ম্ম। কার্য্য। (2) *manner of proceeding*, কার্য্য করিবার নিয়ম। The — of the Court, আদালতের কার্য্য করিবার নিয়ম। The — of a suit, মোকদ্দমার চলন। মোকদ্দমার আঞ্জাম অহকাম প্রভৃতি।

Proceed, *v.* (1) *to go forward*, যা। চল। গমন কৃ। (2) *to act*, কর্ম্ম কৃ। কোন বিষয় লইয়া কর্ম্ম কৃ। To — in a trial, মোকদ্দমার বিচার কৃ। To — in a suit, মোকদ্দমা চালা। মোকদ্দমার সওয়াল জওয়াব তদবীর কৃ।

Proceeding, *n.* (1) *an order in the prosecution of an action*, রুবকারী। (2) *a series of steps in the prosecution of an action*, রুবকারীর কাগজাৎ। রোয়দাদ। মোকদ্দমার কাগজ পত্র। (3) *a transaction*, কার্য্য। কর্ম্ম। Judicial —, আদালত সম্পর্কীয় কার্য্য।

Proceeds, *n.* উপস্বত্ব। ভূমি প্রভৃতির উৎপন্ন টাকা। The — of a sale, নিলামে যে টাকা পাওয়া যায়। নিলামের উৎপন্ন টাকা। Net —, খরচ বাদে অবশিষ্ট টাকা।

Process, *n.* (1) *progressive course*, চলন। In — of time, সময়ক্রমে। In law, (2) *a writ*, হুকুম নামা। পরওয়ানা। এলাম নামা। Criminal —, ফৌজদারী আদালতের হুকুম নামা। দস্তক। Civil —, দেওয়ানী আদালতের হুকুম নামা। Mesne —, মোকদ্দমার রুবকার কালীন্ পরওয়ানা, অর্থাৎ কোন মোকদ্দমায় সমন জারী হইবার কালাবধি চূড়ান্ত হুকুম না হওয়া পর্য্যন্ত ঐ মোকদ্দমা সম্পর্কীয় যে সকল পরওয়ানা প্রভৃতি বাহির হয় তাহা। Compulsory —, দস্তক। জোরাবরী কর্ম্ম। (3) *summons to a defendant*, সমন। তলব চিঠি। *to a witness*, সফীনা। (4) *a warrant, of arrest*, গ্রেফ্তারী পরওয়ানা। — to detain in jail, জেলখানায় কয়েদ করিবার পরওয়ানা or ওয়ারণ্ট। Final —, ডিক্রী জারীর পরওয়ানা। To serve a —, পরওয়ানা জারী কৃ।

Proclaim, *v.* ঘোষণা কৃ। মনাদি কৃ। To — by beat of drum, ঢোল পিটাইয়া ঘোষণা কৃ। ঢেড়রা দিয়া ঘোষণা কৃ।

Proclaimed offender, মশহূর অপরাধী। বিখ্যাত or প্রসিদ্ধ অপরাধী। ইশতিহারে প্রকাশিত অপরাধী।

Proclamation, *n.* ঘোষণা। মনাদি। শোর।

Pro confesso, কবুল করিয়াছে বলিয়া, অর্থাৎ কোন কোন দেওয়ানী মোকদ্দমায় আসামীর হাজির হইবার হুকুম হইলে যদি সে হাজির না হয়, তবে দাওয়া কবুল করিয়াছে বলিয়া জ্ঞান হইবেক।

Proctor, *n.* কোন লোকের মোকদ্দমা তদবীর করিতে নিযুক্ত লোক। প্রকটর।

Procuration, *n.* অন্য লোকের বিষয় ব্যাপার সরবরাহ করণ। মোখতার নামা। কায়েম মোকামরূপে কার্য্য করণের সনদ। গোমাশতাগিরি পত্র।

Procurator, *n.* মোখতার। প্রতিনিধি।

Procure, *v.* (1) *to get*, প্রাপ্ত হ। পা। (2) *to cause*, করা। জন্মা।

Procuress, *n.* কুটনী।

Produce, *n.* of land, উপস্থস্ত। ফসল। ফলাদি। উৎপন্ন। Neat —, খরচাবাদে যাহা থাকে।

Produce, *v.* (1) *to bring forward*, উপস্থিত কৃ। হাজির কৃ। দেখা। To — documents, দলীল দাখিল কৃ, or দরপেশ কৃ, or গুজরা। দলীল দেখা। To — evidence, প্রমাণ উপস্থিত কৃ। প্রমাণ আন। To — a witness, সাক্ষিকে হাজির কৃ, or উপস্থিত কৃ। (2) *to bear*, জন্মা। উৎপন্ন কৃ। This land *produces* grain, এই জমীতে ফসল হয়। (3) *to cause*, জন্মা। করা।

Professor, *n.* অধ্যাপক। শিক্ষক।

Profit, *n.* লাভ। লভ্য। প্রাপ্তি। মুনফা। ফেফাইৎ। — and loss, লাভ নোকসান। ক্ষতিবৃদ্ধি।

Profit, *v.* লাভ কৃ। পা। প্রাপ্ত হ। মুনফা কৃ।

Profitable, *a.* লভ্যজনক।

Profligacy, *n.* লম্পটতা। দুষ্টতা। মন্দাচরণ।

Pro formâ, কেবল দাঁড়ামতে। দাঁড়ামতের কার্য্যমাত্র।

Progeny, *n.* বংশ। সন্তান সন্ততি। কুল।

Progress, *n.* (1) *advancement*, চলন। অগ্রগমন।

Progressive increase, ক্রমশঃ বৃদ্ধি। রসদ।

Prohibit, *v.* নিষেধ কৃ। বারণ কৃ।

Prohibition, *n.* নিষেধ। নিবারণ। বাধা। A writ of —, মোকদ্দমা স্থগিত করিবার হুকুম নামা।

Promise, *n.* প্রতিজ্ঞা। অঙ্গীকার। ওয়াদা। করার। Breach of —, প্রতিজ্ঞা ভঙ্গ। ওয়াদা খেলাফী।

Promise, *v.* (1) *to make a promise*, প্রতিজ্ঞা কৃ। অঙ্গীকার কৃ। (2) *to afford hopes*, আশা জন্মা।

Promissory note, *n.* অনুজ্ঞা পত্র। করারী তমঃসুক। প্রতিজ্ঞা পত্র। একরারা সনদ। খৎ। Government —, প্রমিসরি নোট।

Promote, *v.* (1) *to forward*, সাহায্য কৃ। To — one's ends, তাহার অভিপ্রায় সফল করিবার নিমিত্তে। (2) *to excite*, উদ্‌যোগ জন্মা। উত্তেজনা কৃ। (3) *to elevate*, উচ্চপদে নিযুক্ত কৃ।

Promovent, *n.* মোকদ্দমার তদবীর করে যে। ফরিয়াদী।

Prompt, *a.* (1) *ready,* প্রস্তুত। উপস্থিত। (2) *quick,* ত্বরা। To yield — assistance, ত্বরায় সাহায্য কৃ। — payment, মূল্য নগদ দেওয়া।

Prompt, *v.* (1) *to incite,* উস্কাইয়া দা। উত্তেজনা কৃ। জন্মা। (2) *to dictate,* মনে করাইয়া দা। কহিয়া দা।

Promulgate, *v.* জারী কৃ। প্রকাশ কৃ।

Pronounce, *v.* (1) *to utter articulately,* উচ্চারণ কৃ। (2) *To utter officially,* কহ। জানা। To — judgment, হুকুম কৃ। নিষ্পত্তি কৃ। To — sentence, দণ্ডাজ্ঞা কৃ। To — one guilty, কোন কাহাকে দোষী নির্দ্দিষ্ট কৃ। দোষী কহ।

Proof, *n.* প্রমাণ। The *Mitackhara* gives the following definition of the word: প্রমাণং লিখিতং ভুক্তিঃ সাক্ষিণশ্চেতি কীর্ত্তিতং। A proof may arise from a written document, possession, or the evidence of witnesses. — spirits, পরখসহী মদিরা। London —, লণ্ডন শহরের শরাবের চলন তেজ। লণ্ডন প্রুফ।

Proper, *a.* উপযুক্ত। উচিত। — establishment, দরকারী আমলাগণ। যত জন আমলা উচিত হয়।

Property, *n.* (1) *a peculiar quality of anything,* গুণ। (2) *ownership,* স্বামিত্ব। — in the soil, জমীর স্বামিত্ব। তালুকাতের কর্তৃত্ব। (3) *the thing owned,* সম্পত্তি। স্থিত। দায়। বিষয়। মাল আমওয়াল। জায়দাদ। Ancestral —, ক্রমাগত সম্পত্তি। পূর্ব্বপুরুষের সম্পত্তি। মৌরূসী সম্পত্তি। Contingent —, আগন্তুক সম্পত্তি। ভাবি সম্পত্তি। — in deposit, স্থাপ্য। Family —, পরিবারীয় সম্পত্তি। Hereditary —, পৈতৃক বিষয়। পিতৃদায়। Heritable —, স্থাবর সম্পত্তি। Joint —, এজমালী সম্পত্তি। সাধারণ সম্পত্তি। Landed —, ভূমি। গরমনকুলা। Movable —, অস্থাবর সম্পত্তি। Personal —, অস্থাবর সম্পত্তি। মনকুলা বিষয়। — personally acquired, i. e. not inherited, স্বয়ংকৃত সম্পত্তি। Real —, স্থাবর সম্পত্তি। ধাটী ভূম্যাদি। গরমনকুলা বিষয়। Sacred —, পুণ্যার্থ সম্পত্তি। প্রতিষ্ঠিত বিষয়। ধর্ম্মদত্ত সম্পত্তি। Undivided —, অবিভক্ত সম্পত্তি। — paying revenue to Government, সরকারের খেরাজী জমী। — held by brothers, ভায়াচারি সম্পত্তি। — held in security, জায়দাদ মুৎকফিলা। জামিনীতে বন্ধ সম্পত্তি। বন্ধকী সম্পত্তি। — belonging exclusively to a wife, স্ত্রী ধন। — which descends to a wife, পত্নী দায়। Right of —, স্বামিত্ব স্বত্ব। অধিকারিত্ব স্বত্ব। Literary —, গ্রন্থস্বত্ব।

Property tax, *n.* সম্পত্তির উপর টাকস।

Proportion, *n.* হিসাব। হার। হারহারী। In equal —, সমানাংশে। সমান ভাবে। In — to, অনুসারে। বুঝিয়া। as, In — to his means, তাহার সঙ্গতি বুঝিয়া or সঙ্গতি অনুসারে।

Proposal, *n.* প্রস্তাব। প্রসঙ্গ। কথা।

Propose, *v.* প্রস্তাব কৃ। প্রসঙ্গ কৃ।

Proprietary, *a.* অধিকারির। মালিকী। — allowance, মালিকানা। অধিকারিত্ব সম্পর্কীয় লাভ। — right, অধিকারিত্ব স্বত্ব। মালিকী স্বত্ব। মিলকীয়ৎ। — income of an estate, উপস্বত্ব। মুনাফা। স্থিত।

Proprietor, *n.* অধিকারী। মালিক। জমীদার। স্বামী। Actual —, প্রকৃত অধিকারী। আসল মালিক। মালিক ও দখিলকার।

Propriety, *n.* ঔচিত্য। উপযুক্ততা।

Pro rata, হারহারি মতে।

Prorogue, (1) *to delay*, গতিক্রিয়া কৃ। বিলম্ব কৃ। To — parliament, পারলিমেণ্টের বৈঠক কিঞ্চিৎ কাল স্থগিত কৃ।

Prosecute, *v.* (1) *to continue efforts*, উদ্‌যোগ কৃ। চালা। (2) To — a suit, মোকদ্দমার সওয়াল জওয়াব কৃ। মোকদ্দমা চালা or তদবীর কৃ। (3) *to seek to obtain in a court*, হক্ পাইবার জন্যে মোকদ্দমা কৃ। দাওয়ার বাবৎ নালিশ কৃ। (4) *to accuse of a crime*, ফৌজদারী আদালতে নালিশ কৃ।

Prosecution, *n.* নালিশ। মোকদ্দমা। Civil —, দেওয়ানী মোকদ্দমা। দেওয়ানী আদালতে নালিশ। Criminal —, ফৌজদারী আদালতে নালিশ।

Prosecutor, *n.* ফরিয়াদী। বাদী।

Prostitute, *n.* বেশ্যা। খানকী। কসবী। নটী। A quartier inhabited by —, খানকী মহল। কসবী পাড়া। কসবী টোলা।

Protect, *v.* রক্ষা কৃ। নেগাহবানী কৃ। To — by a pass, ছাড়িয়া দিবার রওয়ানা ল।

Protective document, *n*, রওয়ানা।

Pro tempore, কিঞ্চিৎ কালের নিমিত্তে।

Protest, *v.* (1) *to affirm solemnly*, দৃঢ় মতে কহ। ধর্ম্মতঃ কহ। (2) *to prove*, প্রমাণ কৃ। হক সাবুদ কৃ। To — a bill of exchange for non-payment, হুণ্ডী যাঁহার নামে দেওয়া যায়, তাঁহার হাতে ঐ হুণ্ডীর টাকা নাই বলিলে, সরকারী উকীলের দ্বারা সেই কথা হুণ্ডীর পৃষ্ঠে লেখাইয়া ঐ হুণ্ডী দেওনিয়ার নিকটে পাঠা।

Protest, *n.* (1) *a declaration of opinion*, মত প্রকাশক পত্র or লিপি। (2) *a written statement of difficulties*, দায় পত্র। To enter —, সম্মত না হইবার কথা লিখ or কহ।

Protract, *v.* (1) *to lengthen out*, লম্বা কৃ। বৃদ্ধি কৃ। বাহুল্য কৃ। (2) *to delay*, গৌণ কৃ। বিলম্ব কৃ।

Prove, *v.* প্রমাণ কৃ। সাব্যস্ত কৃ। সাবুদ কৃ। To — spirits, শরাবের পাক বিবেচনা কৃ। কাথ নির্ণয় কৃ।

Provide, *v.* (1) *to prepare*, প্রস্তুত কৃ। আয়োজন কৃ। (2) *to furnish*, যোগা। To — against, নিবারণের উপায় কৃ। To — for, উপায় কৃ।

Provided that, *c.* কিন্তু। পরন্তু। — nothing in this act shall prejudice the rights of any person, কিন্তু এই আইনের কোন কথাতে কোন লোকের স্বত্বের হানি না হয়।

Province, *n. a part of a country*, প্রদেশ। অঞ্চল। সুবা।

Provincial Court of Appeal, মফঃসল আপীল আদালত।

Provision, *n.* (1) *victuals*, রসদ। আহারীয় দ্রব্য। খোরাক। (2) *special enactment*, বিধান। বিশেষ নিয়ম।

Provision, *v.* আহারীয় দ্রব্য সঞ্চয় করিয়া রাখ।

Provisional, *a.* কিছু কালের নিমিত্তে। A — assignment, তন্‌খা। কিঞ্চিৎ কালের নিমিত্তে গ্রাসাচ্ছাদনের উপায়। A — arrangement, কিঞ্চিৎ কালের নিয়ম। A — contract, নিয়মযুক্ত করার। — rules, কিঞ্চিৎ কালের বিধান।

Proviso, *n.* বিশেষ নিয়ম। বর্জিত কথা। বর্জিত বিধি।

Provocation, *n.* কোপজনক কার্য্য কি কথা।

Provoke, *v.* (1) *to cause*, জন্মা। (2) *to make angry*, রাগ জন্মা। ক্রুদ্ধ কৃ।

Proximate, *a.* অতি নিকট। লাগাও। The — cause, অব্যবহিত কারণ।

Proximity, *n.* অতি নিকট হওয়া। নৈকট্য।

Proxy, *n. a substitute*, প্রতিনিধি। স্থলাভিষিক্ত। মোখতার। By —, অন্যের দ্বারা। পরতঃ।

Prudent, *a.* সতর্ক। চতুর। পরিণামদর্শী।

Prune, *n.* গাছ ঝুড়। বৃক্ষের ডালাদি কাট।

Prussian Blue, আরবী নীল।

Puberty, *n.* যৌবনাবস্থা। যৌবন। To arrive at —, প্রাপ্ত ব্যবহার হ।

Public, *a.* (1) *general*, সাধারণ। A — sale, নিলাম। A place of — resort, সর্ব্বসাধারণ লোকদের সমাগমের স্থান। A — duty, সর্ব্বসাধারণের মঙ্গলার্থে কর্ম্ম। — spirit, সর্ব্বসাধারণের হিতজনক ভাব। (2) *not private*, প্রকাশ। A — place, সর্ব্বসাধারণের দৃষ্টিগোচর স্থান। (3) *relating to the Government*, সরকারী। — duty, সরকারী কর্ম্ম। — expense, সরকারী খরচ। — works, সরকারী ইমারৎ প্রভৃতির কর্ম্ম। — works, ordinary, সরকারের ইমারৎ প্রভৃতির সাধারণ কর্ম্ম। — works, extraordinary, সরকারের ইমারৎ প্রভৃতির বিশেষ কর্ম্ম। — works department, পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট। সরকারের রাস্তা ইমারৎ প্রভৃতি নির্ম্মাণাদি কার্য্যের সিরিশতা।

Public, *n.* সর্ব্বসাধারণ লোক।

Publican, *n.* পাটওয়ারী। তহসীলদার।

Publication, *n. the act of publishing*, প্রকাশ করণ। ঘোষণা করণ। ইশতিহার দেওন।

Public-house, *n.* সর্ব্বসাধারণের আহারাদি করিবার ঘর। পবলিক হৌস।

Publicly, *ad.* প্রকাশরূপে। অগোপনে।

Publish, *v.* প্রকাশ কৃ। প্রচার কৃ। ঘোষণা কৃ। *to print*, ছাপা।

Pull, *v.* (1) *to draw*, টান। (2) *to tear, as, to — to pieces*, চিরিয়া ফেল। খণ্ড খণ্ড কৃ। (3) *to pluck*, as, To — fruit, ফল পাড়। To — down, ভাঙ্গিয়া ফেল। টানিয়া ফেল। To — out, টানিয়া বাহির কৃ। To — up, উপড়া। উৎপাটন কৃ।

Pump, *n.* জল তুলিবার কল। দমকল। Force —, বম্বা।

Punch, *v.* *to perforate*, ছেনি মার।

Punctual, *a.* নিরূপিত সময়ের। ঠিক সময়ের। বরওক্ত। — discharge of revenue, নির্দ্ধারিত সময়ে মালগুজারী দেওন।

Punctually, *ad.* ঠিক সময়ে।

Punish, *v.* (1) *to chastise*, শাসন কৃ। প্রহার কৃ। মার। (2) to — a criminal, দণ্ড কৃ। শাসন কৃ। To — severely, ভারি দণ্ড কৃ। কঠিন দণ্ড কৃ

Punishment, *n.* দণ্ড। শাস্তি। Corporal —, শারীরিক শাস্তি। বেত্রাঘাত। বেত মারা। মারি খাওয়া। Capital —, প্রাণদণ্ড।

Purchase, *v.* ক্রয় কৃ। খরীদ কৃ। কিন।

Purchase, *n.* খরীদ। ক্রয়। বয়। Conditional —, বয়বিলওফা। সনিয়মে খরীদ। কটকওয়ালা। Private —, খোশ খরীদ। Deed of —, *at public sale*, বয়নামা। *by private sale*, কওয়ালা। বিক্রয় পত্র। By right of —, খরীদের স্বত্ব ক্রমে। ক্রয় ক্রমে।

Purchase-money, *n.* খরীদের টাকা। খরীদের মূল্য। জরীসমন। পোনবাহা।

Purchaser, *n.* খরীদার। ক্রেতা। মুশতরী। — at a public sale, নিলামের খরীদার। নিলামদার।

Pure, *a.* (1) *clear*, পরিষ্কার। ফর্সা। শুদ্ধ। (2) *unadulterated*, নিভাঁজ। অমিশ্রিত। শুদ্ধ।

Purport, *n.* (1) *design*, অভিপ্রায়। মর্ম্ম। তাৎপর্য্য। মজমুন। বিবরণ। বৃত্তান্ত। (2) *import*, অর্থ। মর্ম্ম। তাৎপর্য্য।

Purpose, *n.* অভিপ্রায়। ভাব।

Pursuant, *a.* অনুসারে। মোতাবেক। মতে।

Pursue, *v.* *to follow*, পিছা যা। পশ্চাৎগামী হ। পশ্চাদ্ধাবমান হ। পাছে২ ছুটিয়া যা।

Push, *v.* ঠেল। To — down, ঠেলিয়া ফেল। (2) *to urge*, উস্কাইয়া দা। চালা। (3) *to importune*, ব্যস্ত কৃ।

Put, *v.* (1) *to place*, রাখ। দা। থোও। অর্পণ কৃ। (2) *to propose*, as, To — a question, জিজ্ঞাসা কৃ। To — away, এক দিগে রাখ। রাখ। To — by, রাখিয়া দা। To — down, (1) *to repress*, দমন কৃ। নত কৃ। (2) *to degrade*, নীচ পদে দা। (3) *to silence*, নিরস্ত কৃ। To — forth or forward, (1) *to propose*, প্রস্তাব কৃ। প্রসঙ্গ কৃ। কহ। (2) *to extend*,

